গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী
www.baliakandi.rajbari.gov.bd

নং ০৫.৩০.৮২০৭.০০৩.০২.০০৮.২১. ৬৮৬

৯ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**জলমহাল ইজারার বিজ্ঞপ্তি**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে প্রকৃত মৎস্যজীবিদের অনুকূলে জলমহাল ইজাররা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত পদ্ধতি অনুযায়ী বালিয়াকান্দি উপজেলার বিভিন্ন জলমহাল বাংলা ১৪২৮ সাল হতে ১৪৩০ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত আবেদন ফরম আহবান করা যাচ্ছে। আবেদন ফরমসমূহ নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এবং উপজেলা ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী হতে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট এর বিনিময়ে আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ীতে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করা যাবে এবং একই দিন আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে। অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

| ক্রমিক নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারি মূল্য (প্রতি বছর) | আবেদন ফরমের মূল্য |
|---|---|---|---|---|
| ১। | বিল পুটিয়া খাল | জামালপুর | ৬৪,০৫০/- | ৫০০/- |
| ২। | বহর সাধুখালী বদ্ধ জলমহাল | জংগল | ৩,৪১,২৫০/- | ৫০০/- |
| ৩। | আকশুকনা খাল | জংগল | ৩১,৫০০/- | ৫০০/- |
| ৪। | মরা চন্দনা বদ্ধ জলমহাল | নবাবপুর | ৭,৮৭,৫০০/- | ৫০০/- |
| ৫। | ঘোড়ামারা খাল | নবাবপুর | ১৪,৩৩৩/- | ৫০০/- |
| ৬। | দবিলা খাল | জামালপুর | ৮৯,২৫০/- | ৫০০/- |
| ৭। | বাড়া জঙ্গাল জলাশয় | জংগল | - | ৫০০/- |
| ৮। | ডাক বাংলো সংলগ্ন পুকুর | বালিয়াকান্দি সদর | - | ৫০০/- |
| ৯। | তুলশী বরাট পুকুর | জামালপুর | - | ৫০০/- |

আবেদন ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী:

| পর্যায় /দফা | দরপত্র ফরম ক্রয়ের তারিখ | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় এবং খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম | ০১/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | দরপত্র দাখিলের সময়ঃ ০৪/৪/২০২১খ্রি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা<br>দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা |
| ২য় (১ম দফার অবশিষ্ট জলমহালের জন্য) | ০৫/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | দরপত্র দাখিলের সময়ঃ ০৬/৪/২০২১খ্রি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা<br>দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা |
| ৩য় ( ১ম ও ২য় দফার অবশিষ্ট জলমহালের জন্য) | ০৭/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | দরপত্র দাখিলের সময়ঃ ০৮/৪/২০২১খ্রি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা<br>দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা |
| ৪র্থ (২য় ও ৩য় দফার অবশিষ্ট জলমহালের জন্য) | ১১/০৪/২০২১খি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন | দরপত্র দাখিলের সময়ঃ ১২/৪/২০২১খ্রি. সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০টা<br>দরপত্র খোলার সময়ঃ বিকাল ৪:০০ টা |

আবেদনের শর্তাবলীঃ

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহারের ইজারার জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি ও অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

(ক) শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন তিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না

(খ) আরো শর্ত থাকে যে, প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যাহা সমাজসেবা/সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

(গ) আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি যাহা বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ হিসেবে জেলা বা উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করিবেন ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করিবেন।

২। নির্দিষ্ট ফরমে (অত্র অফিসে পাওয়া যাবে) আবেদনপত্র দাখিল করিতে হবে। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবীদের সমবায় সংগঠন/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এ উল্লিখিত সংজ্ঞা ও যোগ্যতা অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতি বা সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতি বা সংগঠনের নির্বাচিত নির্বাচিত কমিটি, গঠনতন্ত্র, ব্যাংক হিসাব নম্বর সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং প্রয়োজনীয় তথ্যাদি ও সভাপতি/সম্পাদকের সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্যচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।